

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে 'এডভান্সড কম্পিউটার ট্রেনিং ফর অফিস ম্যানেজমেন্ট' শীর্ষক প্রশিক্ষণের উদ্বোধন

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) কর্মচারীদের অংশগ্রহণে 'এডভান্সড কম্পিউটার ট্রেনিং ফর অফিস ম্যানেজমেন্ট'

শীর্ষক সপ্তাহব্যাপী প্রশিক্ষণের উদ্বোধন করা হয়েছে। আজ রোববার (১২ জানুয়ারি ২০২৫) নোবিপ্রবি মোবাইল অ্যাপস ল্যাব রুমে এ উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে প্রধান অতিথি হিসেবে এ অনুষ্ঠানের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য বলেন, বর্তমান সময়ে দাপ্তরিক কার্যক্রমে কম্পিউটারের ওপর দক্ষতা অর্জনের কোনো বিকল্প নেই। আমি বিশ্বাস করি আজকের এ প্রশিক্ষণ কর্মসূচি আপনাদের কম্পিউটারের ব্যবহারিক দক্ষতা বৃদ্ধি করবে। আপনারা যারা কম্পিউটারের যথাযথ ব্যবহার না জানায় দাপ্তরিক কাজে পিছিয়ে রয়েছেন, আপনারা দ্রুতই কম্পিউটার শিখে ফেলুন। যা পরবর্তীতে আপনাদের পদোন্নয়ন এবং পদোন্নতিতে সহায়ক ভূমিকা রাখবে।

আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. আসাদুন নবীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ (মুরাদ)। অনুষ্ঠানে রিসোর্স পার্সন ছিলেন কম্পিউটার সায়েন্স ও টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক জনাব এ আর এম মাহমুদুল হাসান রানা।

উল্লেখ্য, উক্ত অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ ও দপ্তরের কর্মচারীবৃন্দ অংশগ্রহণ করেন।



ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা ০১৭৩৩৯৯৮৮৯৪